# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

**BENGALI**

REACHING NATIONS

*India's National Spiritual Newspaper*

₹ 10/-

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor: Rev. Dr. ANJAN KUMAR SINGH

Vol XXVI — YEAR OF OUR LORD JESUS CHRIST, 2025 JANUARY — No 12


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

লূক ১০১:১-৮

১। আমি তোমার প্রেম ও ন্যায়পরায়ণতার সম্পর্কে গাইব;তোমার প্রতি, হে সদাপ্রভু, আমি স্তবগান করব।

২। সতর্ক হয়ে আমি নির্দোষ জীবন কাটাব—কখন তুমি আমার কাছে আসবে? আমি নিজের গৃহে সততার সঙ্গে জীবন কাটাব।

৩। যা কিছু জঘন্য ও কুরুচিপূর্ণ তা দেখতে আমি অস্বীকার করব। আমি ভ্রষ্টাচারীদের কার্যসকল ঘৃণা করি;তাদের সঙ্গে আমি কোনো সম্বন্ধ রাখব না।

৪। যে হৃদয়ে বিকৃত সে আমার থেকে দূরে থাকবে; আমি সমস্ত প্রকার মন্দ থেকে দূরে থাকব।

৫। যে কেউ গোপনে প্রতিবেশীর অপবাদ করে, আমি তাকে উচ্ছেদ করব;যার দৃষ্টি উদ্ধত ও হৃদয়ে অহংকারী, আমি তাকে সহ্য করব না।

৬। দেশের বিশ্বস্তদের প্রতি আমার দৃষ্টি থাকবে, যেন তারা আমার সঙ্গে বাস করতে পারে; যে সিদ্ধ পথে চলে সে আমার পরিচর্যা করবে।

৭। যারা প্রতারক তারা কেউ আমার গৃহে বাস করবে না;যারা মিথ্যা কথা বলে তারা আমার সম্মুখে দাঁড়াবে না।

৮। প্রত্যেক সকালে, দেশের সব দুষ্টদের আমি নাশ করব;সদাপ্রভুর নগর থেকে আমি সব অনিষ্টকারীদের উচ্ছেদ করব।

## প্রভু যীশু খ্রীষ্ট আপনার জন্য তাঁর প্রতিশ্রুতিগুলি স্মরণ করবেন!

THE LORD JESUS CHRIST WILL REMEMBER HIS PROMISES TO YOU!

(অনারারী প্রধান সম্পাদিকা: রেভা.অ্যাঞ্জেলীন সেলভাকুমারী)



আমাদের তাঁর আহ্বানের প্রতিধবনির বর্ধিত পরিবারের সকলকে জানাই শুভ নববর্ষের প্রীতি ও শুভেচ্ছা!

আমি প্রার্থনা করি এ বছর ঈশ্বর যেন আপনাকে, আপনার পরিবারকে এবং তাঁর জন্য আপনি যে উত্তম কাজ করেছেন তা স্মরণ করেন।

বাইবেল আমাদের আশ্বস্ত করে যে ঈশ্বর হচ্ছেন তাঁর প্রতিশ্রুতি রক্ষাকর্তা। তিনি ঘোষণা করেন, **"যতদিন না আমি তোমার কাছে আমার করা প্রতিজ্ঞাটি পূরণ করছি, ততদিন আমি তোমাকে ত্যাগ করব না"** (আদি ২৮:১৫)। ঈশ্বর যখন একটি প্রতিশ্রুতি দেন, তখন তিনি তাঁর উপযুক্ত সময়ে—সেই প্রতিশ্রুতি রক্ষা করার বিষয়ে বিশ্বস্ত হন। তাঁর সময় হতে পারে একদিন, এক সপ্তাহ, একমাস, এক বছর অথবা কতগুলি প্রজন্ম। যাইহোক, তাঁর প্রতিজ্ঞা সর্বদাই সিদ্ধ হয়।

আমি প্রার্থনা করি যেন ২০২৫ সাল আপনার কাছে কায়রোস (Kairos )বছর হয়—আপনার জীবনে ঈশ্বরের প্রতিশ্রুতিগুলি প্রকাশিত হওয়ার জন্য নিরূপিত সময়।

*ক্রমশ: ৩য়পৃষ্ঠায়*




তাঁর আহ্বানের প্রতিধ্বনি

**ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল!**

আপনি পাস্টর এস. স্যাম সেলভা রাজের সঙ্গে প্রার্থনা করার সুযোগ পাবেন।

**Message & Prayer in 5 minutes!!**

ইংরেজি, হিন্দি, তামিল ও তেলুগু

Every day – From 2.00 A.M.

৫ মিনিটের বাণী!!

তামিল এবং তেলেগু - ভোর ৫টা

তামিল ভাষায় রবিবারের উপাসনা - সকাল ৮.৩০

# আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)



REACHING NATIONS

## from your dearly beloved brother...



**আমাদের মিশনের নীতি**

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।

HON. EDITOR-IN-CHIEF
Rev. Angeline S. Kumari, M.A., M.Sc., M.Ed.
HON. MANAGING EDITOR
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.
GENERAL MANAGER
Bro. N. Prakasam, M.A, M.Sc.(C&P), PGDHRM, MBA.
ADMINISTRATION
Sis. Jesy Veena Sam
Adv. K. Puratchivendan, M.Com., C.A., B.L.
Dr. P.E.R. Premchand, M.Sc., M.A., M.Ed., Ph.D.
Dr. C.G.S. Baburao, B.Tech., M.Tech. (DM), Ph.D.
Dr. Rabinder Boaz, M.S. (CMC)
EDITORIAL BOARD
Dr. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Sis. Sajini Cherian
Rev. Dr. K.R. Rajasekaran
Rev. Dr. William Robert, Ph.D., DD, D.Lit.

EDITOR, PUBLISHER & PRINTER
Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 98412 71858
95661 31858
E.MAIL
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in
WEBSITES
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.com
YOUTUBE CHANNEL
Echo of His Call

"...তোমার গোলাঘরগুলি শস্যে পরিপূর্ণ হয়ে যাবে, ও ভাঁটিগুলি নতুন দ্রাক্ষারসে উপচে পড়বে" **(হিতোপদেশ ৩:১০)**

প্রভুতে ঈশ্বরের প্রিয় সন্তানগণ,

আপনাকে আমাদের প্রেমপূর্ণ প্রীতি ও শুভেচ্ছা জানাই। আমরা আপনার প্রাত্যহিক সুরক্ষা এবং আপনার জীবনের কল্যাণের জন্য অবিরত প্রার্থনা করছি। গতবছর আমাদের প্রতি আপনার ঐকান্তিক প্রার্থনার জন্য এবং হৃষ্টচিত্ত আর্থিক সাহায্যের জন্য ধন্যবাদ। আমরা বিশ্বাস করি আপনি কুশলে আছেন।

গতবছর আমাদের পরিচর্যার পথ ঈশ্বরের মঙ্গলভাবে পরিপূর্ণ ছিল। যাইহোক, ঈশ্বর জর্ডন নদীর মতো আমাদের সমস্ত পরীক্ষাগুলিকে জয় করতে এবং লোহিত সাগরের মতো আমাদের বেদনাগুলিকে জয় করতে সাহায্য করেছিলেন, যা অন্যথা মানুষের ক্ষমতায় জয় করা সম্ভব ছিল না।

আপনার জীবনেও এটি একই হতে পারে! ভীত হবেন না। ঈশ্বর আপনার পাশে দাঁড়িয়ে আপনার জন্য যুদ্ধ করছেন, এবং তিনি অবিরত যুদ্ধ করবেন। আর এই কারণে সদাপ্রভু বলেছেন: **"তোমরা বাতাস বা বৃষ্টি, কিছুই দেখতে পাবে না, তবু এই উপত্যকা জলে পরিপূর্ণ হয়ে যাবে, আর তোমরা, তোমাদের গবাদি পশুরা ও তোমাদের অন্যান্য পশুরাও জলপান করবে!"** (২ রাজা ৩:১৭)।

তাই সার্বভৌম সদাপ্রভু এই কথা বলেন: **"দেখো, আমি সিয়োনে এক প্রস্তর স্থাপন করি, সেটি এক পরীক্ষিত প্রস্তর, সুদৃঢ় ভিত্তির জন্য তা এক বহুমূল্য কোণের প্রস্তর; যে বিশ্বাস করে, সে কখনও আতঙ্কগ্রস্ত হবে না"** (যিশাইয় ২৮:১৬)। উদ্বিগ্ন হবেন না। ঈশ্বর আপনার জন্যেও অলৌকিক কাজ করবেন। পর্বত প্রস্থান করতে পারে এবং পাহাড়গুলি সরে যেতে পারে এবং মধ্য-সাগরে নিক্ষিপ্ত হতে পারে, কিন্তু তাঁর অনুগ্রহ কখনও আপনাকে ছেড়ে চলে যাবে না। **"যদিও পর্বতসকল কম্পিত হয়, পাহাড়গুলি অপসারিত হতে থাকে, তবুও তোমার প্রতি আমার অফুরান ভালোবাসা কখনও সরে যাবে না, আমার শান্তিচুক্তিও অপসারিত হবে না, একথা বলেন সদাপ্রভু, যিনি তোমার প্রতি অনুকম্পা করেন"** (যিশাইয় ৫৪:১০)। ঈশ্বর যিনি আপনাকে পতন থেকে রক্ষা করতে সক্ষম তিনি আপনার সহবর্তী আছেন;সাহসী হন। এ বছরের শেষে যা কিছু উত্তম বিষয় বাকী আছে তা নিশ্চিতভাবে আপনার কাছে পৌঁছাবে।

আমাদের পরিচর্যার পথ কঠিন;আমরা যদি শত্রুর বিরুদ্ধে লড়াই করতে থাকি তাহলে আমাদের শক্তি শেষ হয়ে যাবে। কিন্তু ঈশ্বর আমাদের উর্দ্ধে তুলে ধরবেন। **"কারণ ধার্মিকেরা সাতবার পড়লেও, তারা আবার উঠে দাঁড়াবে, কিন্তু যখন চরম দুর্দশা আঘাত হানে তখন দুষ্টেরা হোঁচট খায়"** (হিতোপদেশ ২৪:১৬)। সেই কারণে আমরা যেন নিরুৎসাহিত না হই। ঈশ্বরের শক্তি আমাদের তুলে ধরছেন।

আমরা আপনাদের ঐকান্তিক প্রার্থনার জন্য এবং আমাদের তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির উদ্দেশে হৃষ্টচিত্ত অনুদানের জন্য এবং এইভাবে আমাদের পরিচর্যার প্রতি অধ্যবসায়ী হওয়ার জন্য অনুরোধ করছি। আর অন্য ঈশ্বরের দাসদেরও আর্থিক সাহায্য করতে ভুলবেন না। প্রভু আপনাদের অনেকগুণ আশীর্ব্বাদ করুন... আমেন!

যীশু খ্রীষ্টে আপনাদের দাস,

**পাস্টর অ্যালেকস্ স্যামসন স্যাম**

**পাস্টর এস. স্যাম সেলভা রাজ**

(+91) 98412 71858 / 98410 71858, E.mail : sam@echoofhiscall.org

Our Ministries: ECHO OF HIS CALL Monthly Magazines (16 languages) BIBLECOR - Postal Courses (3 languages) YouTube Ministry Online Courses Theological Correspondence Courses (2 languages) Church Planting Nehemiah Bible Colleges Gospel Printing Press Great Commission Partners St. Paul's Matriculation School Crusades Community Development

## তাঁর আহ্বানের প্রতিধ্বনির পাঠকগণ: অনুগ্রহ করে মনোযোগ দিন

আমাদের ৫ মিনিটের **তাঁর আহ্বানের প্রতিধ্বনি ইউ টিউব চ্যানেলের** বাণীগুলি প্রতিদিন ভোর ২টোর সময় তামিল, তেলুগু, ইংরাজী এবং হিন্দি ভাষায় সম্প্রচারিত হয়। এই বাণীগুলি দেখার দ্বারা আপনি ঈশ্বরের অনুগ্রহ লাভ করতে পারেন।

এছাড়াও আপনারা আমার নিম্নলিখিত ব্যক্তিগত ফোন নম্বরগুলি আপনাদের মোবাইল ফোনে সেভ করতে পারেন: (+91) 98412 71858 / 98410 71858

— পাস্টর এস. স্যাম সেলভারাজ

*(ক্রমশঃ, ১ম পাতার পর)*

## হতাশার সময়গুলি মরিয়া হয়ে প্রার্থনা করার বিষয়টি আহ্বান করে:

ঈশ্বরর যখন আপনাকে একটি প্রতিজ্ঞা দিয়েছেন, তখন প্রার্থনায় স্থির থাকুন, যতক্ষণ না তা আপনার জীবনে ফলপ্রসূ হচ্ছে ততক্ষণ বিশ্বাসে আপনি সেই বিষয়টি দাবি করুন। প্রায়ই হতাশার পরিস্থিতিগুলির জন্য অবিরত এবং আন্তরিক প্রার্থনার প্রয়োজন হয়। সমগ্র বাইবেলে, আমরা অসংখ্য ব্যক্তির জীবনে এই ধরণের উদাহরণ দেখি, তাদের চরম পরীক্ষার সময়গুলিতে, তারা মরিয়া হয়ে ঈশ্বরের কাছে প্রার্থনা করেছিলেন— আর ঈশ্বর তাদের স্মরণ করে উত্তর দিয়েছিলেন।

আমি যখন বলি "ঈশ্বর স্মরণ করেন," তখন তার অর্থ এই নয় যে ঈশ্বর ভুলে যান। পরিবর্তে, তখন এটা বোঝায় যে আমরা যখন বিশ্বাস এবং অধ্যবসায়সহ প্রার্থনা করি, তখন আমাদের আর্তনাদ শোনার জন্য স্বর্গ আন্দোলিত হয়ে ওঠে। আমেন!

হান্নার কাহিনীটি বিবেচনা করুন, তিনি তাঁর একটি



আমি এমন একজন নারী, যে বড়ই দুঃখিনী- হান্নার প্রার্থনা

সন্তান জন্ম দেওয়ার অক্ষমতার বিষয়ে গভীরভাবে দুঃখ পেয়েছিলেন। তাঁর এই নিদারুণ যন্ত্রণার মধ্যে, তিনি ঘোষণা করেছিলেন, "**...আমি এমন একজন নারী, যে বড়ই দুঃখিনী...**" (১ শমূ ১:১৫)। প্রার্থনায় তাঁর সমস্ত হৃদয়ের দুঃখ উজাড় করে দেওয়ার পর, তাঁর চেহারা পরিবর্তিত হয়েছিল। বাইবেলে আমাদের বলা হয়েছে, "**...তাঁর মুখ আর বিষন্ন থাকেনি**" (১ শমূ ১:১৮), কারণ তিনি বিশ্বাস করেছিলেন যে ঈশ্বর তাঁর প্রার্থনার উত্তর দেবেন। ঈশ্বর তাঁর চরিত্রের প্রতি বিশ্বস্ত থেকে ছিলেন, "**...সদাপ্রভু হান্নাকে স্মরণ করলেন**" (১ শমূ ১:১৯)। আর তিনি একটি সন্তান দ্বারা আশীর্বাদপ্রাপ্ত হয়েছিলেন।

আরেকটি শক্তিশালী উদাহরণ হচ্ছে হিষ্কিয়। ঈশ্বর যখন তাঁকে তাঁর মৃত্যুর জন্য প্রস্তুত হতে বলেছিলেন, হিষ্কিয় মরিয়া হয়ে প্রার্থনা করেছিলেন:

"**হে সদাপ্রভু, মনে করে দেখো, আমি কীভাবে বিশ্বস্ততাপূর্বক ও আন্তরিক নিষ্ঠা নিয়ে তোমার সামনে চলেছি এবং তোমার দৃষ্টিতে যা যা ঠিক, তা-ই করে গিয়েছি**" (২ রাজা ২০:৩)। তাঁর হৃদয়গ্রাহী আবেদনে ঈশ্বর আন্দোলিত হয়েছিলেন, এবং তাঁর আয়ু বৃদ্ধি করা হয়েছিল।

বাইবেল এই ধরণের ঈশ্বরের হৃদয় স্পর্শকারী মরিয়া প্রার্থনার এবং তাৎক্ষণিক স্বর্গীয় হস্তক্ষেপের সাক্ষ্যে পূর্ণ।

যতবার লোকেরা প্রার্থনা করেছিলেন, ঈশ্বর তাদের স্মরণ করেছিলেন। আমি জানি না অতীতে কতবার আপনারা প্রার্থনায় বলেছিলেন, " হে প্রভু, তোমার প্রেমপূর্ণ দয়ায় আমাকে স্মরণ করুন। হে প্রভু আমার প্রতি করুণা করুন। অনুগ্রহ করে, আমার প্রতি দৃষ্টিপাত করুন। আমার পরিস্থিতির প্রতি মনোযোগ দিন।"

আপনাদের জন্য আমার কাছে একটি সুখবর আছে! সার্বভৌম সদাপ্রভু ঘোষণা করেছেন:

"**...আমার কোনো কথা সফল হতে আর দেরি হবে না; আমি যা বলব তা সফল হবে, সার্বভৌম সদাপ্রভু এই কথা ঘোষণা করেন**" (যিহিষ্কেল ১২:২৮)।

এটি আমার আন্তরিক প্রার্থনা যে ২০২৫ সালে ঈশ্বর আপনাকে স্মরণ করবেন এবং আপনার জীবনে, আপনার পরিবারে, এবং আপনার পরিচর্যা কাজে তাঁর পরিকল্পনা সম্পূর্ণ করবেন।

যত অধিক আমরা আমাদের স্মরণ করার বিষয়ে ঈশ্বরের জন্য কামনা করবো, তিনিও এই বছরের শুরুতে নির্দিষ্ট কয়েকটি বিষয় আপনাকে স্মরণ করার আহ্বান করবেন। কয়েকটি গুরুত্বপূর্ণ নীতি শক্ত করে ধরতে এবং অনুসরণ করার বিষয়ে তিনি আমাদের স্মরণ করিয়ে দেবেন:

### ১। সদাপ্রভুর সমস্ত কাজগুলি এবং আশ্চর্য কাজগুলি স্মরণ করুন!

"**আমি সদাপ্রভুর ক্রিয়াসকল স্মরণ করব; হ্যাঁ! আমি তোমার পূর্বকালের আশ্চর্য কাজসকল মনে করব। আমি তোমার সমস্ত কাজ বিবেচনা করব আর তোমার পরাক্রমের সব কার্য্যাবলীতে ধ্যান করব**" (গীত ৭৭:১১-১২)।

বাইবেল আমাদের শিক্ষা দেয় যে ঈশ্বর আমাদের জীবনে যে সমস্ত আশ্চর্য কাজগুলি সম্পাদন করেছেন এবং আমাদের যে সমস্ত আশীর্বাদগুলি দিয়েছেন তা যেন আমরা গভীরভাবে ধ্যান করি। যিহোশূয় ৪ অধ্যায় আমরা এর স্পষ্ট উদাহরণ দেখতে পাই, যেখানে



যিহোশূয়ের নেতৃত্বে ইস্রায়েলীয়রা জর্ডন নদী পার হয়েছিল।

ইস্রায়েলীয়রা যিহোশূয়ের নেতৃত্বে জর্ডন নদী পার হয়েছিল।

নদী অতিক্রম করার সময়, ঈশ্বর তাদের তাঁর পরাক্রমী কাজগুলি স্মরণ করার জন্য অর্থপূর্ণ কিছু করার আদেশ দিয়েছিলেন। তিনি তাদের নির্দেশ দিয়েছিলেন তারা যেন প্রত্যেক গোষ্ঠীর জন্য নদীর পৃষ্ঠভূমি থেকে প্রস্তরখণ্ড তুলে নেয়। এই পাথরগুলি ঈশ্বরের বিশ্বস্ততার একটি স্মৃতিচিহ্নের কাজ করবে।

সদাপ্রভু বলেছিলেন, **"ভবিষ্যতে, তোমাদের সন্তানেরা যখন জিজ্ঞাসা করবে, 'এই পাথরগুলির তাৎপর্য কী?' তোমরা তাদের বোলো যে, সদাপ্রভুর নিয়মসিন্দুকের সামনে জর্ডন নদীর প্রবাহিত স্রোত ছিন্ন হয়ে গিয়েছিল। তারা যখন জর্ডন নদী অতিক্রম করেছিল, তখন জর্ডন নদীর জলরাশি বিচ্ছিন্ন হয়ে গিয়েছিল..."** (যিহোশূয় ৪:৬-৭)।

২০২৪ সালের অথবা তার আগের বছরগুলির কী কী স্মৃতি আপনার আছে? ইস্রায়েলীয়রা যদি জর্ডন নদী অতিক্রম করার চ্যালেঞ্জটির সম্মুখীন না হতো তাহলে পরবর্তী প্রজন্মের কাছে দেওয়ার মতো তাদের কাছে কোনও স্মৃতিই থাকতো না।

একইভাবে, ঈশ্বর কয়েক সময় আমাদের গর্জনকারী, দ্রুত প্রবাহিত জর্ডন নদীর মতো বিহ্বলকারী চ্যালেঞ্জগুলির সম্মুখীন হতে দেন। এই চ্যালেঞ্জগুলি কেবল আমাদের বিশ্বাস গড়ে তোলে না কিন্তু ঈশ্বর আমাদের জন্য এবং আমাদের ভবিষ্যৎ প্রজন্মগুলির জন্য কী করতে পারেন সেই বিষয়ে সাক্ষ্য বহন করে।

## ২। আপনার সৃষ্টিকর্তাকে স্মরণ করুন: উপদেশক ১২: ১

প্রায়ই আমরা এই পদটিকে বিশেষ করে যুবকদের উদ্দেশ্যে দেখি। বাস্তবিক, এখানে বলা হয়েছে, "তোমার যৌবনকালে তোমার সৃষ্টিকর্তাকে স্মরণ করো" (উপদেশক ১২:১)। যাইহোক, এটি যুবকদের আরও অধিক কিছু বলে, যাতে আমরা আমাদের সমগ্র জীবনব্যাপী আমাদের সৃষ্টিকর্তাকে স্মরণ করি।

অধিকাংশ সময় আমরা সৃষ্টিকর্তার থেকেও অধিক তাঁর সৃষ্টিকে প্রাধান্য দিই। যেমন বাইবেলে আমাদের সতর্ক করা হয়েছে :

**"তারা ঈশ্বর-বিষয়ক সত্যের পরিবর্তে এক মিথ্যাকে মনোনীত করেছিল। তারা স্রষ্টার উপাসনা না করে সৃষ্ট বস্তুর উপাসনা ও সেবা করেছে— সেই স্রষ্টাই চিরতরে প্রশংসিত হোন। আমেন"** (রোমীয় ১:২৫)।

এই বিষয়টি উপলব্ধি না করেই আমরা বিভিন্ন জিনিসগুলিকে গুরুত্ব দিই । কিন্তু ঐ জিনিসগুলির নির্মাতাদের আমরা গুরুত্ব দিই না। শাস্ত্র আমাদের মনে করিয়ে দেয়:

**"কিন্তু তোমরা প্রথমে তাঁর রাজ্য ও ধার্মিকতার অন্বেষণ করো, তাহলে এই সমস্ত বিষয়ও তোমাদের দেওয়া হবে"** (মথি ৬:৩৩)।

আমরা উৎসের কথা ভুলে গিয়েছি! ঈশ্বর হচ্ছেন আমাদের বিশ্বাসের রচয়িতা এবং সিদ্ধিদাতা। তিনি সমস্ত কিছু সৃষ্টি করেছিলেন এবং আমাদের জীবনের সমস্ত কিছু তিনি নিয়ন্ত্রণ করেন। আমাদের জীবনের প্রত্যেকটি ঘটনা একটি স্বর্গীয় উদ্দেশ্যসহ আসে। সৃষ্টিকর্তার উপর আস্থা রাখুন, কারণ তিনি সমস্ত কিছু একত্রে মঙ্গলের জন্য করেন।

উদাহরণ হিসাবে যোষেফের গল্পটি গ্রহণ করুন। তিনি যাকোবের বৃদ্ধ বয়সে জন্মগ্রহণকারী প্রিয় পুত্র ছিলেন, তিনি যোষেফকে খুব ভালোবাসতেন।



**প্রিয় পুত্রের সঙ্গে যাকোব**

তিনি তাকে এতো অধিক ভালোবাসতেন যে তার দাদারা তাকে ঈর্ষা করতে শুরু করেছিল। যোষেফ ছিলেন স্বপ্নদর্শক, তিনি ঈশ্বরের কাছ থেকে বিভিন্ন প্রতিশ্রুতি এবং ভাববাণী লাভ করেছিলেন যে একদিন তাঁর পরিবার তাঁর কাছে জানুপাত করবে। যাইহোক, ঈশ্বর জানতেন যে যোষেফ যেখানে ছিলেন সেখানে তাঁর এই স্বপ্ন বাস্তবায়িত হবে না। এর জন্য একটি যাত্রা অপরিহার্য ছিল।



যোষেফকে কঠিন পথে হাঁটতে হয়েছিল

যোষেফের বিষয়ে যাকোব এতো সংরক্ষণশীল ছিলেন যে, যেখানে ঈশ্বরের পরিকল্পনা অপেক্ষা করছিল, সেই মিশরে তিনি কখনই যোষেফকে যেতে দিতেন না। সুতরাং, যোষেফকে কঠিন পথে হাঁটতে হয়েছিল: কূপের নীচে, কারাগারে, এবং অবশেষে, রাজপ্রাসাদে। বলাৎকারের মিথ্যা অভিযোগ ও কারাগারসহ বিভিন্ন ক্লেশ সহ্য করা সত্ত্বেও, সমস্ত পরিস্থিতিগুলি ঈশ্বরের নিয়ন্ত্রণাধীন ছিল।

প্রিয় বন্ধুগণ, জীবনটা আপনার কাছে ন্যায়বিচারহীন হয়ে থাকতে পারে। হতে পারে আপনি যোষেফের মতো বেদনাদায়ক অভিজ্ঞতাগুলির, অন্যায় ব্যবহার, অপমান, অথবা বিশ্বাসঘাতকতার সম্মুখীন হয়েছেন। মনে রাখবেন, সমস্ত কিছু আপনার সৃষ্টিকর্তার নিয়ন্ত্রণাধীন।

যোষেফ একবার মুক্তির আশায় পাত্রবাহককে বলেছিলেন তাঁকে স্মরণ করতে। তথাপি ঈশ্বরই যোষেফের উত্থানের জন্য সমস্ত ঘটনাগুলিকে একসূত্রে বেঁধেছিলেন। ঈশ্বর যে দরজাগুলি বন্ধ করেন তা কোনও মানুষের পক্ষে খোলার সাধ্য নেই এবং ঈশ্বর যে দরজাগুলি খোলেন তা বন্ধ করার সাধ্য কোনও মানুষের নেই। ঈশ্বরের সিদ্ধ সময়ের উপর আস্থা রাখুন, কারণ **তিনি সবকিছু তাঁর সময়ে সুন্দর করেন** (উপদেশক ৩:১১)।

প্রত্যেকটি পরিস্থিতিতে আপনার সৃষ্টিকর্তাকে স্মরণ করুন। তিনি আপনার মস্তককে উন্নিত করেন এবং তিনি এমন এক ব্যক্তি যিনি তাঁর পরিকল্পনাগুলি সম্পূর্ণ করেন। সম্পূর্ণরূপে তাঁর উপর আস্থা রাখুন।

তিনি আমাদের ভবিষ্যৎ তৈরী করেন:

**"কারণ তোমাদের জন্য কৃত পরিকল্পনার কথা আমি জানি, সদাপ্রভু এই কথা বলেন। তা**

*(ক্রমশঃ ৬ পৃষ্ঠার পর থেকে)*

GREAT COMMISSION PARTNERS

ECHO OF HIS CALL MINISTRIES SINCE 1969

# মহান আদেশ অংশীদারগণ

**ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)**

**প্রার্থনার অনুরোধসমূহ** (১৯শে জানুয়ারী থেকে ১৮ই ফেব্রুয়ারী, ২০২৫)

(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)

(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)

## প্রশংসার বিষয়সমূহ

**জানুয়ারী ১৯ :** আমাদের সমস্ত সহযোগী সম্পাদকদের এবং তাদের পরিবারগুলির উপর আশীর্বাদের জন্য।

**দিন ২০:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের তাঁর অসীম করুণার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২১:** গতমাসে আমাদের আর্থিক এবং আত্মিক প্রয়োজগুলি পূরণ করার জন্য।

**দিন ২২:** আমাদের প্রধান মণ্ডলী এবং শাখামণ্ডলীগুলি এবং পরিবারগুলির জন্য।

**দিন ২৩:** ঈশতাত্ত্বিক সেমিনারগুলি নিয়মিত পরিচালনা করতে আমাদের সক্ষম করার জন্য।

**দিন ২৪:** আমাদের প্রধান মণ্ডলী এবং শাখামণ্ডলীগুলিতে বড়দিন এবং নতুন বছর অর্থপূর্ণভাবে এবং প্রভাবকারীভাবে উদযাপন করতে আমাদের সক্ষম করার জন্য।

**দিন ২৫:** আমাদের **সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুল, নহিমিয় বাইবেল কলেজ এবং ডাকযোগে ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রমের** সমস্ত কার্যকলাপের জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২৬:** আমাদের বহুমুখী পরিচর্যাগুলির মাধ্যমে সুসমাচার প্রচারের প্রতি আমাদের বরিষ্ঠ পালকের প্রতিশ্রুতিবদ্ধতার জন্য।

**দিন ২৭:** আমাদের ইউ টিউব চ্যানেলে ৫ মিনিটের বাণী প্রচারের মাধ্যমে সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে পৌঁছানোর পরিচযাটিকে আশীর্বাদ করার জন্য।

**দিন ২৮:** ঈশ্বর আমাদের ১৬টি ভাষায় প্রকাশিত সুসমাচার সাহিত্যকে আশীর্ব্বাদ করেছেন যা আমাদের প্রিন্টিং প্রেস থেকে মুদ্রিত হয় এবং মিশনক্ষেত্রগুলিতে পাঠিয়ে দেওয়া হয়।

**দিন ২৯:** আমাদের আহ্বানের প্রতিধবনি পরিচর্যার কর্মী এবং তাদের পরিবারগুলিকে সুস্বাস্থ্য এবং স্বর্গীয় সুরক্ষা দানের জন্য।

**দিন ৩০:** আমাদের কো-অর্ডিনেটরদের, ফিল্ডে কর্মরত সমস্ত মিশনারীদের এবং তাদের পরিবারগুলির জন্য।

**দিন ৩১:** আমাদের প্রধান মণ্ডলী এবং শাখামণ্ডলীগুলির বরিষ্ঠ পালকদের এবং নেতাদের আশীর্ব্বাদের জন্য।

**ফেব্রুয়ারী ০১:** আমাদের হাসপাতাল পরিচর্যায় ঈশ্বরের অলৌকিক কাজগুলির জন্য।

**দিন ০২:** আমাদের প্রধান মণ্ডলীতে পুরুষদের সভাটিকে আশীর্ব্বাদ করার জন্য।

দিন ০৩: আমাদের যুব এবং **শিশুদের তত্ত্বাবধানের পরিচর্যার গ্লোবাল ভিশনকে** আশীর্ব্বাদ করার জন্য।

## প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ৪:** বিশ্বব্যাপী শান্তি এবং মানহিততা বৃদ্ধির জন্য।

**দিন ৫:** পৃথিবীর সমস্ত দেশগুলি থেকে নতুন সংক্রামক রোগগুলিকে উচ্ছেদ করার জন্য।

**দিন ৬:** এ বছর তাঁর আহ্বানের প্রতিধবনি পরিচর্যার জন্য প্রয়োজনীয় তহবিলের জন্য।

**দিন ৭:** সারা পৃথিবীর সমস্ত মহিলা এবং শিশুদের নিরাপত্তার জন্য।

**দিন ৮:** সমস্ত মিশনারী এবং ঈশ্বরের দাসদের বিরুদ্ধে হিংসাত্মক কাজগুলি বন্ধ করার জন্য।

**দিন ৯:** সমস্ত মন্দ শক্তি থেকে পাস্টর এস. স্যাম সেলভারাজ এবং তাঁর পরিবারের সদস্যদের নিরাপত্তার জন্য।

**দিন ১০:** ইস্রায়েল, প্যালেস্টাইন এবং রাশিয়া ও ইউক্রেনে শান্তির জন্য।

**দিন ১১:** যে সমস্ত শিক্ষার্থীরা সরকারী পরীক্ষার জন্য প্রস্তুত হচ্ছেন তাদের জন্য।

**দিন ১২:** আমাদের সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুল এবং নহিমিয় বাইবেল কলেজগুলির শিক্ষাদের সুরক্ষার জন্য।

**দিন ১৩:** আমাদের অফিসের এবং প্রিন্টিং প্রেসের কর্মীদের সুস্বাস্থ্যের জন্য।

**দিন ১৪:** আমাদের সহযোগী সম্পাদকদের এবং তাদের পরিবারের সদস্যদের জন্য।

**দিন ১৫:** পৃথিবীতে তাঁর রাজ্য স্থাপনের জন্য আমাদের কেন্দ্রীভূত ফোকাস দানের জন্য।

**দিন ১৬:** যারা অসুস্থতা, দারিদ্র এবং অনুহারে ভুগছেন সেই সমস্ত লোকদের জন্য।

**দিন ১৭:** মাতাল এবং মন্দ কার্যকারী লোকেরা যাতে অনুতপ্ত হয়।

**দিন ১৮:** সারা পৃথিবীতে যেন শান্তি বজায় থাকে।

*(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)*

**হল তোমাদের সমৃদ্ধির পরিকল্পনা, তোমাদের ক্ষতি করার নয়, তোমাদের এক আশা ও ভবিষ্যৎ মঙ্গলদানের পরিকল্পনা”** (যিরমিয় ২৯:১১)।

দাদাদের দ্বারা পরিত্যক্ত হয়ে যোষেফ কূপের মধ্যে অবশ্যই হতাশা বোধ করেছিলেন। তিনি হয়তো চিন্তা করেছিলেন, “আমার জন্য কোনও ভবিষ্যৎ নেই।” সেই দেশের একজন বিশিষ্ট ব্যক্তির স্ত্রীকে আক্রমণ করার মিথ্যা অভিযোগে তিনি যখন কারাগারে বসেছিলেন তখন তাঁর সেই দিশাহারা অবস্থার কথা একবার কল্পনা করুন। তাঁর উদ্ধারের সম্ভাবনা একেবারেই অসম্ভব মনে হয়েছিল। কীভাবে কোনও ব্যক্তি পোর্টিফরের সমান ক্ষমতাশীল হিসাবে দাঁড়াতে পারে?

তথাপি, যোষেফের বিভিন্ন ক্লেশের মধ্যে, ঈশ্বর কাজ করছিলেন। অপ্রত্যাশিত পরিস্থিতিগুলির মাধ্যমে, ঈশ্বর যোষেফকে উচ্চীকৃত করার জন্য এবং তাঁর মস্তক উন্নীত করার জন্য ফরৌণ রাজাকে ব্যবহার করেছিলেন। কিন্তু রাতারাতি এই রূপান্তরণ ঘটেনি। এই সমস্ত বিষয়গুলির মাধ্যমে, যোষেফ ঈশ্বরের উপর সম্পূর্ণ আস্থা রাখতে শিখেছিলেন।

আজও ঈশ্বর একই আছেন। এই বছর, আপনাকে উচ্চে তুলে ধরার জন্য এবং আপনার আশা পুনরুদ্ধার করার জন্য তিনি আপনার জীবনে সঠিক ব্যক্তিকে আনতে পারেন। মনে রাখবেন, তিনি হচ্ছে গৌরব এবং আপনার মস্তক উর্দ্ধে তুলে ধরার কর্তা। আপনার পরিস্থিতি যতই জঘন্য মনে হোক না কেন অথবা আপনার সামনের পথ যতই অসম্ভব বলে মনে হোক না কেন, আপনার সৃষ্টিকর্তার উপর নির্ভর করুন। তিনি আপনার যাজ্ঞার অথবা কল্পনার থেকে অনেক বেশি করতে পারেন।

## ৩। আপনার জোগানদাতাকে স্মরণ করুন

**“তোমরা হয়তো মনে মনে বলতে পারো, আমার নিজের শক্তিতে, নিজের হাতে কাজ করে আমি এসব ধনসম্পত্তি করেছি। কিন্তু তোমরা তোমাদের ঈশ্বর সদাপ্রভুকে মনে রেখো, কারণ তিনিই তোমাদের ক্ষমতা দেন এই ধনসম্পত্তি করার…”** (দ্বি.বি. ৮:১৭,১৮)।

দ্বিতীয় বিবরণ ৮ অধ্যায়টি আমার বাইবেলের একটি প্রিয় অধ্যায়। এখানে আমাদের স্পষ্ট মনে করিয়ে দেওয়া হয়েছে যে আমার শক্তি, ক্ষমতা, প্রজ্ঞা এবং সাফল্য যা কিছু আছে সবই — ঈশ্বরের কাছ থেকে আসে। এটি আমাদের অহঙ্কারের বিরুদ্ধে সতর্ক করে, আমরা যেন আমাদের সামর্থের বিষয়ে গর্ব না করি অথবা যিনি আমাদের এই সমস্ত কিছু দেন তাঁকে যেন আমরা ভুলে না যাই।

এই পদটি এমনকি আমাদের অভ্যন্তরীন চিন্তাভাবনাগুলির উদ্দেশে, বলছেন, তোমরা মনে মনে বলতে পারো..। ঈশ্বর বুঝতে পারেন যে কয়েক সময় আমাদের অভিপ্রায় এবং কাজগুলি এক সারিতে থাকে না। আর সেই কারণেই এই সতর্কতা কেবল কথার কথা নয়, কিন্তু এর সঙ্গে আমাদের হৃদয়ের চিন্তাগুলো অন্তর্ভুক্ত।

আপনি যখন এ বছরে পদার্পণ করছেন, এটাই আপনার প্রার্থনা হোক যে সমস্ত পরিস্থিতিতে ঈশ্বর আপনার জোগানদাতা থাকুন। মনে রাখবেন, যে ঈশ্বর পাঁচটি রুটি এবং দুটি মাছ দিয়ে ৫,০০০ লোককে খাইয়েছিলেন, সেই একই ঈশ্বর আপনার প্রয়োজনের পক্ষে অধিক যথেষ্ট।



পাঁচটি রুটি এবং দুটি মাছ - পর্যাপ্ত খাবার

সম্ভবত আপনি অর্থপূর্ণ চ্যালেঞ্জগুলিসহ এ বছরটি শুরু করছেন। কীভাবে আপনি আপনার নিজের লোকদের সামলাবেন অথবা আপনার পরিবারের প্রয়োজনগুলির জোগান দেবেন সেই বিষয়ে আপনি হয়তো নিশ্চিত নন। ঈশ্বরের পুনরায় আশ্বাসবাণী আপনার অন্তরে প্রতিধ্বনিত হোক: আমি তোমাদের জোগানদাতা। ভীত হোয়ো না অথবা নিরাশ হোয়ো না। আমি যদি সমগ্র দুর্ভিক্ষের সময় অল্প ময়দা এবং তেল সহ বিধবা এবং তার পুত্রকে বাঁচিয়ে রাখতে পারি, তাহলে আমি তোমাকেও জোগান দিতে পারবো..।

## ৪। বিশ্রামবারকে স্মরণ করো



নতুন নিয়মের বিশ্বাসীরা প্রথাগতভাবে রবিবারটিকে পালন করে

*(ক্রমশঃ, ৯ পাতায়)*

নহিমিয় বাইবেল কলেজসমূহ

শিক্ষাগত যোগ্যতা: ১০ম শ্রেণী এবং তদুর্দ্ধ

চীপক্ এবং সন্তোষপুরম্, ভেলাচেরী চেন্নাই

ভর্তির জন্য সত্বর যোগাযোগ করুন! মাধ্যম: তামিল (আংশিক সময়),হিন্দি: (আবাসিক) (সন্তোষপুরমে সুপ্রাপ্য),

ঈশতত্ত্বে ডিপ্লোমা

আন্তর্জার্তিক খ্রীষ্টান নের্তৃবৃন্দ এবং সিনিয়র পাস্টরদের দ্বারা 55 বছর যাবৎ স্বীকৃত

নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করুৰ:

**The Chaiman: Nehemiah Bible College, Echo of his Call.**

**10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.**

**Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858**

E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

## MAIN CHURCH PROGRAMMES

1. Prayer Service : 24 hours
2. **ECHO OF HIS CALL** - Monthly Magazines :English, Tamil, Malayalam, Telugu, Hindi, Kannada, Marathi, Gujarati, Bengali, Odiya, Nepali, Assamese, Punjabi, Urdu, Sinhala & Afrikan.
3. **BIBLECOR** - Basic Bible Courses (English, Tamil & Hindi)
4. Theological Correspondence Courses: English & Tamil
5. Nehemiah Bible Colleges (Chepauk, Santhoshapuram & Velachery)
6. Great Commission Partners (Network of Pastors)
7. Training Programmes – Seminars & Retreats
8. Crusades
9. Literature Distribution and Follow Up
10. Gospel Printing Press - Publications
11. St. Paul's Matriculation School - Village English High School
12. Sunday Schools (Chepauk) : 10.30 a.m. Sunday & (Velachery, Balaji Nagar & Santhoshapuram) 3.00 p.m. Sunday
13. **Early Morning Service : 5.30 a.m. Sunday**
14. **Preliminy Service : 8.00 a.m. Sunday**
15. **Tamil Service : 8.30 a.m. Sunday**
16. **Youth Meeting : 11.00 a.m. Sunday**
17. **Fellowship Lunch : 1.00 p.m. Sunday**
18. **Hindi Service : 4.00 p.m. Sunday**
19. **Telugu Service : 5.00 p.m. Sunday**
20. **English & Hindi Service : 6.00 p.m. Sunday**
21. Feedback Time : 7.30 p.m. Sunday
22. Women's Prayer : 5.30 p.m. Wednesday
23. Men's Prayer : 7.00 p.m. Friday
24. Discipleship Meeting : 6.00 p.m. Saturday
25. House Meetings : 6.30 p.m. Tuesday & Thursday
26. Special Holy Communion : 6.00 a.m. 1st day of each month
27. Ministers' Meeting : 6.00 p.m. First Saturday
28. Parents' Prayer : 4.00 p.m. First Sunday
29. Night Prayer : 9.30 p.m. Third Friday
30. Fasting Prayer : 9:30 a.m. Second Saturday
31. Holy Communion : Second Sunday Services
32. Youth / Kid Prayer : 10.00 p.m. daily (over phone)
33. Staff Devotion : 9.00 a.m. daily
34. Office : 9.00 a.m. to 9.00 p.m. (except Sundays)

### কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য

**১। বাইবেলকোর**

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টানদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কোনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্ব্বাদ পাবেন।

**২। ডাক মারফত ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রম**

থিওলজিকাল করেসপণ্ডেস কোর্স নামে অভিহিত অ্যাডভানস্ ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য:ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্ব্বাদ করুন।

*বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।*

**The Chairman, Nehemiah Bible College,**
Echo of His Call, Post Box 2957
CHEPAUK, CHENNAI - 600 005.
Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,
Cell : 98410 71852, 95661 31858
E.mail : biblecor@yahoo.co.in

### বিনামূল্যে মাসিক পত্রিকা আহ্বানের প্রতিধ্বনি লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।

## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | |
|---|---|
| Account Name | : ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST |
| Account Number | : 1023 2923 805 |
| Bank Name | : STATE BANK OF INDIA |
| Branch | : TRIPLICANE, CHENNAI - 600 005 |
| IFSC Code | : SBIN 0000249 |
| SWIFT Code | : SBI NIN BB 455 |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)

**"...কিন্তু যারা সদাপ্রভুর অন্বেষণ করে, তাদের কোনো মঙ্গলের অভাব হবে না—গীত ৩৪:১০**

১৯৬৯ সাল থেকে, যখন থেকে আমি তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলি শুরু করেছিলাম, তখন থেকে আমাদের বহুমুখী পরিচর্যাগুলির জন্য অর্থের প্রয়োজন ছিল। কর্মীদের বেতনের জন্য, ছাপার কাগজের জন্য, ডাকটিকিটের জন্য, টেলিফোনের চার্জের জন্য, বিল্ডিংয়ের ভাড়ার জন্য, যাতায়াতের খরচ, দাতব্য কাজের জন্য আমাদের টাকার প্রয়োজন ছিল।

ব্যক্তিগতভাবে বলছি, আমার প্রভু যীশু খ্রীষ্ট আমার জন্য যথেষ্ট। আজ পর্যন্ত টাকার জন্য আমি কারও দরজায় অথবা অফিসে যাইনি। এমনকি আমার চার্চের সদস্যদের কাছে অথবা বন্ধুদের কাছে আর্থিক সাহায্য চাইবার অভ্যাস আমার নেই। কিন্তু আজ পর্যন্ত, যিনি আমাকে আহ্বান করেছেন তিনি তাঁর নিজস্ব উপায়ে অলৌকিকভাবে আমার সমস্ত প্রয়োজনগুলি পূরণ করেছেন।

অভাব এবং সঙ্কটের সময়, আমি পরিস্থিতিগুলিকে 'আমার সহ্য করার সময় হিসাবে দেখি', 'ঈশ্বর আমাকে প্রার্থনা করতে বাধ্য করার সময়' এবং 'প্রার্থনায় ঈশ্বরের সঙ্গে আমার সম্পর্ককে আরও ভালো করার সময় হিসাবে দেখেছি'। এই অভিজ্ঞতাগুলির পর আমি মহান অলৌকিক কাজগুলির অভিজ্ঞতা লাভ করেছি। এই ধরণের পরিস্থিতিগুলির মধ্যে, ঈশ্বর আমাকে সাহায্য করার জন্য অপরিচিত লোকদের তুলেছেন। অনেকবার অপরিচিত লোকদের দ্বারা ঈশ্বর আমাকে এবং আমার পরিবারকে খাইয়েছেন!

১৯৭৫ সালে, বাপুজি প্রেসে আমার ৩০০ টাকা পরিশোধ করার কথা ছিল, যেখান থেকে আমাদের তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি ছাপা হতো। যেহেতু আমার হাতে কোনও টাকা ছিল না, সেহেতু আমার টাকা পরিশোধ করতে দেরী হয়েছিল। এক নির্দিষ্ট বৃহস্পতিবারে, আমি ঐ ছাপাখানার ম্যানেজারকে বলেছিলাম যে আমি পরবর্তী সোমবার টাকা পরিশোধ করবো। কিন্তু আমার আয়ের কোনও উৎস ছিল না। আমি আমার প্রয়োজনের বিষয় ঈশ্বরের কাছে প্রার্থনা করেছিলাম এবং শান্তিতে ছিলাম। পরবর্তী রবিবার পর্যন্ত আমি প্রয়োজনীয় টাকা পাইনি।

সোমবার সকালে, আমি যখন পোস্টঅফিসে আমার মেলবকস্ খুলেছিলাম, আমি দক্ষিণ ভারতের মাদুরাই এবং তুতিকোরিনের মধ্যে অবস্থিত একটি ক্ষুদ্র গ্রাম, নাগালাপুরম থেকে আসা একটি খাম দেখতে পেয়েছিলাম। খামের মধ্যে ৩০০ টাকা একটি ব্যাঙ্কের ডিমাণ্ড ড্রাফট ছিল (যা ক্রশ করা ছিল না)। ঐ দিনে আমার প্রয়োজনের জন্য যা যথেষ্ট ছিল। ঈশ্বর আমার প্রতিজ্ঞা অনুসারে টাকা পরিশোধ করতে আমাকে সক্ষম করেছিলেন। ঈশ্বরের গৌরব হোক!

অনেক বছর পর আমি ঐ ব্যক্তির সঙ্গে দেখা করার জন্য নাগালাপুরমে গিয়েছিলাম। বিস্ময়ের সঙ্গে আমি উপলব্ধি করেছিলাম যে ঐ ব্যক্তি অত্যন্ত গরীব শ্রমিক যিনি জুতো তৈরীর কাজ করেন।

তিনি আমাকে দেখে খুব খুশী হয়েছিলেন। তিনি বলেছিলেন, 'স্যার, ঐ নির্দিষ্ট বৃহস্পতিবার, আমি অনুভব করেছিলাম কেউ একজন আমাকে ৩০০ টাকা পাঠাতে বলছেন। ঐ সময় **তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরির্যার** উদ্দেশে পাঠানোর জন্য আমার কাছে মাত্র ৩০০ টাকাই ছিল। সুতরাং আমি শুক্রবার পাঠিয়েছিলাম এবং আপনি সোমবার এটা পেয়েছিলেন।'



এইভাবে প্রভু যীশু খ্রীষ্ট আমার জীবনে বিভিন্ন অলৌকিক কাজ সম্পাদন করেছে।

হ্যাঁ, এটি একটি কঠিন পথ। তথাপি, আমি প্রতিদিন ঈশ্বরের মহিমার মহত্বের সাক্ষ্যবহণ করতে সক্ষম হই। সদাপ্রভু আমার পালক। আমার কোনও অভাব হবে না।

**" যে জ্ঞানী সে এই সবে মনোযোগ দেবে"** (গীত ১০৭:৪৩)।

* * * * * * * * * * * *

*(ক্রমশঃ ৬ পৃষ্ঠার পর থেকে)*

বিশ্রামবার প্রায়ই একটি বিতর্কিত বিষয়। আমি যখন স্বীকার করি যে শনিবার হচ্ছে সপ্তম দিন, নতুন নিয়মের খ্রীষ্ট বিশ্বাসীরা প্রথাগতভাবে রবিবারকে মান্যতা দেয়, প্রভুর পুনরুত্থানের দিন। মধ্যপ্রাচ্যের অসংখ্য দেশ, শুক্রবারটিকে পবিত্র দিবস হিসাবে পালন করে। আপনি যদি ঐ এলাকাগুলিতে বাস করেন, তাহলে সেখানকার নিয়ম অনুসারে আপনাকে শুক্রবারে মণ্ডলীতে যোগদান করতে হবে।

আমার বিষয়টি হচ্ছে সরল: আপনি শুক্রবার, শনিবার, অথবা রবিবার যাই মেনে চলুন না কেন, এই দিনটিকে পবিত্র বলে মান্য করবেন। যেহেতু শাস্ত্রে বলা হয়েছে, **"তাই সদাপ্রভু সাব্বাথকে আশীর্ব্বাদ করে সেটি পবিত্র করলেন"** (যাত্রা ২০:১১)। এখানে ঐ দিন ঈশ্বরকে প্রাধান্য দানের আদেশ দেওয়া হয়েছে। তাঁর সঙ্গে অধিক সময়

অতিবাহিত করতে হবে, আরাধনা এবং গভীর ভাবে তাঁর বিষয় ধ্যান করার মাধ্যমে দিনটিকে উদ্‌যাপন করতে হবে।

অনেকে "সাববাথ দিনটিতে বিশ্রাম গ্রহণের" বিষয়টিকে চার্চে যোগদান না করে ঘুমানোর বিষয়ে অথবা শিথিলভাবে গাড়ী চালানোর বিষয় ব্যাখ্যা করে। কিন্তু প্রিয় বন্ধুগণ, আমি বিনয়ের সঙ্গে আপনাদের অনুরোধ করছি: যা কিছু ঈশ্বরের তা তাঁকে দিন। **কৈসরের যা দেওয়ার তা কৈসরকে দাও, এবং যা ঈশ্বরের, তা ঈশ্বরকে দাও"** (মথি ২২:২১)। সপ্তাহের একটি দিন ঈশ্বরের, তাঁর কাছ থেকে এটি হরণ করবেন না।

দুর্ভাগ্যবশতঃ, আমাদের মধ্যে অনেকেই প্রাধান্যগুলির উলটো করি। আমরা অবশিষ্ট মুহূর্তগুলো ঈশ্বরকে দিই, আমাদের কাজের পর অথবা ব্যক্তিগত বাধ্যবাধকতার কাজগুলি করার পর আমরা তাঁর কাছে আসি। আমরা নিম্নলিখিত কারণগুলিসহ অজুহাত দেখাই:

"আমাকে কাজ করতে হবে;অন্যথা কে আমার বিল পরিশোধ করবে?"

"আমার পরীক্ষাগুলিতে উত্তীর্ণ হওয়ার জন্য আমাকে রবিবারের ক্লাসগুলিতে যোগদান করতে হবে।"

"আজ আমাকে একটি ম্যাচে খেলতে হবে;ঈশ্বর আমাকে পেশাগতভাবে খেলার শক্তি দিয়েছেন।"

যখন এই কারণগুলিকে বৈধ বলে মনে হবে, তখন আমাদের নিজেদের জিজ্ঞাসা করা উচিত: এই পছন্দগুলির মাধ্যমে আমরা কাকে গৌরবান্বিত করছি? বাইবেলে বলা হয়েছে, **"অতএব, তোমরা ভোজন কি পান বা যা কিছুই করো, সবকিছুই ঈশ্বরের গৌরবের জন্য করো"** (১ করি ১০:৩১)। সত্যিই কি আমরা তাঁকে গৌরবান্বিত

**৫। স্মরণ করুন আপনি কোথায় পতিত হয়েছে?**



**Repent and turn back to Me!**

বাইবেল আমাদের আনুষ্ঠানিক সতর্কতা দেয়:

**"কোনও উচ্চস্থান থেকে পতিত হয়েছ, তা তুমি স্মরণ করো। তুমি মন পরিবর্তন করো ও প্রথমে যে কাজগুলি করছিলে, সেগুলি করো। কিন্তু যদি মন পরিবর্তন না করো, আমি তোমার কাছে এসে তোমার দীপাধারটি স্বস্থান থেকে অপসারিত করব"** (প্রকাশিত বাক্য ২:৫)।

এ বছরের শুরুতে, আসুন আমরা আমাদের জীবনের মূল্যায়ন করার জন্য কিছুক্ষণ থামি। কোথায় আমরা পতিত হয়েছি? আমাদের কী শুরু করা প্রয়োজন, আমাদের কী করা বন্ধ করতে হবে অথবা আমাদের কী ভিন্নভাবে করতে হবে? ঈশ্বর আমাদের শান্তভাবে তাঁর কাছে ফিরে আসার জন্য ডাকছেন, বিশেষ করে এখনই।

তাঁর কাছে আসুন। তিনি ভালোবাসা এবং আশা নিয়ে দুই বাহু প্রসারিত করে আপনার জন্য অপেক্ষা করছেন। এমনকি যখন আমরা তাঁর প্রেম, ক্ষমা, অথবা তাঁর আনুকূল্য লাভের অযোগ্য বলে অনুভব করছি তখনও, এটি স্মরণ করুন: আমাদের তাঁর অনুগ্রহের প্রয়োজন জেনে যীশু ক্রুশের উপর মৃত্যুবরণ করেছিলেন। তাঁকে ছাড়া, আমরা কিছুই করতে পারি না।

তিনি আমাদের সমস্ত পাপ ক্ষমা করতে, আমাদের ভগ্ন টুকরোগুলি গ্রহণ করতে, এবং নতুন কিছু তৈরী করতে তিনি প্রস্তুত আছেন। আসল প্রশ্নটি হচ্ছে: আমরা কি আমাদের ভগ্নতা তাঁর কাছে সমর্পণ করতে রাজী আছি এবং সুন্দর কিছু তাঁকে তৈরী করতে দিতে আমরা কি প্রস্তুত?

প্রভুতে এ বছরটা আপনার কাছে উৎপাদনশীল এবং ফলপ্রসূ হোক। তাঁর ভালোবাসায় আপনি অনেকের জীবনকে স্পর্শ করুন এবং যীশু খ্রীষ্টের জ্যোতিতে অবিরত উজ্জ্বল হন, আপনার চারিদিকে জগতে পার্থক্য তৈরী করুন।

* * * * * * * * * * * *

## জরুরী প্রয়োজন

**তাঁর আহ্বানের প্রতিধ্বনি বিপুলভাবে সম্প্রসারিত হচ্ছে। আমাদের নিম্নলিখিত পদগুলির জন্য মিশনমনস্ক, সমর্পিত, এবং বিশ্বস্ত পুরুষ এবং মহিলা কর্মী চাই:**

- আমাদের প্রধান মণ্ডলীর জন্য পূর্ণ সময়ের সহযোগী পালকবৃন্দ
- আমাদের চেন্নাইয়ের শাখা মণ্ডলীগুলোর জন্য পূর্ণ সময়ের সহযোগী পালকবৃন্দ
- পূর্ণ সময়ের জন্য নিরাপত্তা কর্মী
- ডিটিপি অপারেটর এবং টাইপিস্ট
- ইংরাজী এবং অন্যান্য ভাষায় কথা বলা এবং লেখায় পারদর্শী কর্মী
- প্রশাসনিক কাজে আগ্রহী অফিস ম্যানেজার
- পূর্ণ সময়ের বাইবেল কলেজ লেকচারার
- আমাদের পরিচর্যাগুলিকে এগিয়ে নিয়ে যেতে পারে এমন স্বেচ্ছাসেবীগণ
- পূর্ণ সময়ের জন্য ড্রাইভার
- ম্যাট্রিকুলেশন স্কুলের জন্য প্রিন্সিপাল এবং শিক্ষক/শিক্ষিকা
- পূর্ণ সময়ের রাধুনী (মহিলা)
- গৃহস্থালী কর্মীগণ

শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতার উপর ভিত্তি করে বেতন নির্ধারণ করা হবে।

**ওয়াটস্‌আপ নম্বরে আবেদন করুন:**
**৯৮৪১২৭১৮৫৮**
**ইমেল:**
**sam@echoofhiscall.org**

RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/24-26 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/24-26

## Echo of His Call

**YouTube**
Please subscribe

Kindly view and subscribe our **Echo of His Call YouTube Channel** when you get time. Thanks.
- Editor

### OUR BANK DETAILS:

***1. Bank : State Bank of India***

| | |
|---|---|
| Branch | : **Triplicane, Chennai-5** |
| Name | : **S. Sam Selva Raj** |
| A/C No. | : **1023 2934 679** |
| IFSC | : **SBIN 00 00 249** |

SWIFT CODE : **SBI NIN BB 455**

***2. Bank : ICICI Bank***

| | |
|---|---|
| Branch | : **Anna Salai, Chennai-6** |
| Name | : **Echo of His Call** |
| A/C No. | : **6038 0502 2319** |
| IFSC | : **ICIC 000 6038** |

***3. Bank : State Bank of India***
**(This Account is for Tax Exemption for Indians only )**

| | |
|---|---|
| Branch | : **Triplicane, Chennai-5** |
| Name | : **Echo of His Call Educational Trust** |
| A/C No. | : **1023 2923 805** |
| IFSC | : **SBIN 00 00 249** |

**Google Pay: 98410 71858**
**PayPal : SAM SELVA RAJ**
*****
**E.mail : sam@echoofhiscall.org**

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিণ্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা  **আজীবন গ্রাহক মূল্য :** ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্ব্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

**ECHO OF HIS CALL**
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852, 95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.com

**YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO**

RNI NO. 70104/98
Postal Regn. No. TN/CH/(C)/205/24-26
WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/24-26
Date of Publication: Second week of every month
Date of Posting : 13th & 14th of every month
Posted at "Egmore RMS / 1 Patrika Channel"
on 15th JANUARY 2025
If un-delivered please return to:
ECHO OF HIS CALL (BENGALI)
P.O. Box No. 2957,
Chepauk, Chennai - 600 005, INDIA.
Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766

***JESUS LOVES YOU!***

**To**

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers,** New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**